দৈনিক খবর

তারিখ 08 SEP 1989
পৃষ্ঠা 7 কলাম 2

# দেশের ৩২ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ সাক্ষরতা সমিতির প্রতিষ্ঠাতা মহাসচিব অধ্যাপক মোঃ ওসমান গনি বলেছেন, দেশের ৩২ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই। বাংলাদেশে দু'হাজার সাল নাগাদ ''সবার জন্য শিক্ষা'' বাস্তবায়ন করার জন্য তিনি অবিলম্বে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক, বয়স্ক নিরক্ষর লোকদের শিক্ষা প্রদানের জন্য একটি মহাপরিকল্পনাসহ ১৯ দফা সুপারিশমালা মেনে নেয়ার দাবী জানান।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবসের প্রাক্কালে গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে তিনি এসব দাবী মেনে নেয়ার আহবান জানিয়েছেন। সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি এম হায়দার চৌধুরীও বক্তব্য রাখেন।

অধ্যাপক ওসমান গনি জানান, দেশে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

এক প্রশ্নের জবাবে তিনি দাবী করেন যে, সাক্ষরতা সমিতির ৫শ' ৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্রের মাধ্যমে গত ১৩ বছরে প্রায় সোয়া কোটি লোককে সাক্ষর জ্ঞান দেয়া হয়েছে। এবছর আরো ১০ লাখ লোককে শিক্ষা দেয়া হবে। এছাড়া আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ উপলক্ষে আগামী বছর আরো ৩০ লাখ নিরক্ষর লোককে বয়স্ক শিক্ষা এবং ২শ' গ্রামে ২০ হাজার শিশুকে প্রাথমিক স্কুলে আনয়নে সমিতির পরিকল্পনার কথা উল্লেখ করে তিনি বলেন, এই পরিকল্পনার জন্য প্রায় ৭৮ লাখ টাকা দরকার হবে।